

প্রাইম মিনিস্টার ফেলোশিপ পেলেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ৩ শিক্ষার্থী

সংবাদ অনলাইন রিপোর্ট

: শনিবার, ০৭ আগস্ট ২০২১

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের তিন শিক্ষার্থী বাংলাদেশ সরকারের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের জন্য জনপ্রশাসনের দক্ষতা বৃদ্ধি প্রকল্পের আওতায় এ বছর পিএইচডি'র জন্য প্রাইম মিনিস্টার ফেলোশিপ পেয়েছেন। তারা হলেন- অর্থনীতি বিভাগের সাবেক শিক্ষার্থী মো. আবি'র হাসান ও মো. নাজমুল খান এবং কম্পিউটার সায়েন্স ও ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থী ফাতিমা তাসনিম। শনিবার (৭ আগস্ট) ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের পাঠানো সংবাদ বিজ্ঞপ্তি থেকে এ তথ্য জানানো হয়েছে।

এতে বলা হয়েছে, বাংলাদেশ সরকারের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের জন্য জনপ্রশাসনের দক্ষতা বৃদ্ধি প্রকল্পের আওতায় সম্প্রতি ১৫ জনকে এ বছর পিএইচডি'র জন্য প্রাইম মিনিস্টার ফেলোশিপে পুরস্কৃত করা হয়েছে। ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের সাবেক শিক্ষার্থী মো. আবি'র হাসান বাংলাদেশ থেকে বেসরকারি পিএইচডি আবেদনকারী হিসেবে এই ফেলোশিপের জন্য নির্বাচিত হয়েছেন। তিনি যুক্তরাজ্যের অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে তার পিএইচডি সম্পন্ন করবেন।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়েছে, অর্থনীতি বিভাগের আরেকজন শিক্ষার্থী মো. নাজমুল খান যুক্তরাষ্ট্র সরকারের ফুল ব্রাইট স্কলারশিপের আওতায়

নিউইয়র্ক বিশ্ববিদ্যালয়ে অর্থনীতিতে মাস্টার্স প্রোগ্রামের জন্য নির্বাচিত হয়েছেন। এছাড়া ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স ও ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থী ফাতিমা তাসনিম বিশ্বের বৃহত্তম টেক কোম্পানি গুগল থেকে সফটওয়্যার প্রকৌশলী হিসেবে চাকরির অফার পেয়েছেন।

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা, অধ্যাপক ডক্টর মোহাম্মদ ফরাসউদ্দিন এবং উপাচার্য, অধ্যাপক ডক্টর এম এম শহিদুল হাসান এই তিন মেধাবী শিক্ষার্থীকে অভিনন্দন জানিয়েছেন।